



সাতক্ষীরায় ছাত্র অধিকার নেতার ওপর হামলার অভিযোগ ছাত্রদলের বিরুদ্ধে



সংগৃহীত ছবি

সাতক্ষীরার সুন্দরবন উপকূলীয় গাবুরায় ছাত্র অধিকার পরিষদ নেতা ইয়াছিন আরাফাতের ওপর হামলার অভিযোগ উঠেছে ছাত্রদল ও স্বৈচ্ছাসেবক দলের নেতাদের বিরুদ্ধে। ভুক্তভোগী দাবি করেছেন, ইউনিয়ন চেয়ারম্যানের নির্দেশে এ হামলা হয়। পুলিশ জানিয়েছে, লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

সাতক্ষীরার গাবুরা ইউনিয়নের চাঁদনীমুখা বাজারে শনিবার (৭ সেপ্টেম্বর) সন্ধ্যার আগে ছাত্র অধিকার পরিষদ নেতা ইয়াছিন আরাফাতের ওপর হামলার ঘটনা ঘটে। এ অভিযোগ উঠেছে স্থানীয় ছাত্রদল ও স্বৈচ্ছাসেবক দলের নেতাদের বিরুদ্ধে।

আহত ইয়াছিন আরাফাত গাবুরার বাসিন্দা এবং ঢাকা কলেজ ছাত্র অধিকার পরিষদের সিনিয়র সহ সাংগঠনিক সম্পাদক। বর্তমানে তিনি শ্যামনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন।

ইয়াছিন আরাফাত বলেন, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জিএম মাছুদুল আলম জেলে কার্ডের চাল বিক্রি করায় তিনি প্রতিবাদ করেছিলেন। এ কারণে ক্ষুব্ধ চেয়ারম্যান তার ভাতিজা, ইউনিয়ন ছাত্রদলের সভাপতি প্রার্থী নাজমুল ও স্বৈচ্ছাসেবক দলের জেলা সদস্য মোস্তাফিজুর রহমান রিপনকে নির্দেশ দেন। এরপর তারা বাজারে গিয়ে তাকে এলোপাতাড়ি কিল-ঘুষি মেরে আহত করে।

তবে চেয়ারম্যান জিএম মাছুদুল আলম জানান, “বাজারে আজবাজে কথা বলার কারণে হয়তো কয়েকটা থাপ্পড় খেয়েছে, এর বেশি কিছু নয়।”

শ্যামনগর থানার ওসি ছমায়ুন কবির মোল্লা বলেন, ঘটনার মৌখিক অভিযোগ পাওয়া গেছে। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।